



প্রতীক বরাদ্দের আগে প্রচারণায় নিষেধাজ্ঞা জারি করল ইসি



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে প্রতীক বরাদ্দের আগেই যেকোনো ধরনের নির্বাচনী প্রচারণা নিষিদ্ধ করেছে নির্বাচন কমিশন (ইসি)। এ সময়ে কোনো রাজনৈতিক দল, প্রার্থী কিংবা তাদের পক্ষে অন্য কেউ প্রচারণামূলক কর্মকাণ্ডে অংশ নিতে পারবেন না।

সোমবার (৫ জানুয়ারি) নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ পরিচালক ও তথ্য কর্মকর্তা মো. রুহুল আমিন মল্লিকের স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্ত জানানো হয়। বিজ্ঞপ্তিতে স্পষ্ট করে বলা হয়েছে, প্রতীক বরাদ্দ না হওয়া পর্যন্ত নির্বাচনী প্রচার চালানো আইনসম্মত নয়।

ইসি জানিয়েছে, আগামী ২১ জানুয়ারি প্রতীক বরাদ্দের পর থেকেই প্রার্থীরা নির্বাচন আচরণ বিধিমালা অনুসরণ করে প্রচারণা শুরু করতে পারবেন। একই সঙ্গে ভোটগ্রহণ শুরুর ৪৮ ঘণ্টা আগে সব ধরনের প্রচারণা কার্যক্রম বন্ধ রাখার নির্দেশনাও পুনর্ব্যক্ত করা হয়েছে।

নির্বাচনের সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সব পক্ষকে এসব নির্দেশনা কঠোরভাবে মেনে চলার আহ্বান জানিয়েছে নির্বাচন কমিশন।